রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, মার্চ ৩০, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ মার্চ ২০১৪ খ্রিস্টাব্দ/১৬ চৈত্র ১৪২০ বঙ্গাব্দ

**এস. আর. ও. নং ৪৪-আইন/২০১৪।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা **কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪** নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(২) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(৩) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা;

(৪) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(৫) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত প্রয়োজনীয় যোগ্যতা;

(৬) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;



**মূল্য ঃ** টাকা ১২.০০

(৭) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়", "স্বীকৃত বোর্ড", "স্বীকৃত ইন্সটিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাতত বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইন্সটিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয় :

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইবে।

৪।**সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলাফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরমে (যদি থাকে) ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরিতে নিয়োজিত থাকেন এবং স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

**৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে পদোন্নতির জন্য গঠিত সংশ্লিষ্ট পদোন্নতি বা বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণি হইতে দ্বিতীয় শ্রেণি এবং দ্বিতীয় শ্রেণি হইতে প্রথম শ্রেণির পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরির বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

**৬। শিক্ষানবিস।**—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে-

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে উক্ত বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ-

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে, উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে তাহাকে চাকুরিতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার চাকুরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারি আদেশবলে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **শ্রম পরিদপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড, শ্রম আদালত এবং শ্রম আপীল আদালত (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ সংশোধন**।- শ্রম পরিদপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড, শ্রম আদালত এবং শ্রম আপীল আদালত (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ এর-

(ক) বিধি ১ এ উল্লিখিত "কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর," শব্দগুলি ও কমা বিলুপ্ত হইবে;

(খ) বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৭ প্রতিস্থাপিত হইবে, যথা :-

''৭। কতিপয় পদ পরস্পর বদলিযোগ্য।- এই বিধিমালায় যাহা কিছুই থাকুন না কেন, তফসিলের 'গ' অংশের ক্রমিক নং ২ এবং 'ঘ' অংশের ক্রমিক নং ২ এ উল্লিখিত পদধারীগণ পরস্পর বদলিযোগ্য হইবেন।";

(গ) তফসিলের ''খ-অংশ'' বিলুপ্ত হইবে।

৮। **হেফাজতকরণ**।—শ্রম পরিদপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড, শ্রম আদালত এবং শ্রম আপীল আদালত (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ এর তফসিলের খ-অংশ বিলুপ্তকরণ সত্ত্বেও—

(ক) এই বিধিমালা প্রবর্তনের অব্যবহিত পূর্বে উক্ত খ-অংশের অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত পরিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারী যে শর্তে চাকুরিতে নিয়োজিত রহিয়াছেন তাহাদের চাকুরির শর্তাবলী সংশোধিত, পরিবর্তিত বা অন্য কোন পদে স্থানান্তরিত বা পদবীতে রুপান্তরিত না হওয়া পর্যন্ত এমনভাবে চলমান ও অব্যাহত থাকিবে যেন উক্ত খ-অংশ আদৌ বিলুপ্ত হয় নাই;

(খ) এই বিধিমালা জারীর তারিখে অনিষ্পণ্ন কার্যাদি, যদি থাকে, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পণ্ন করিতে হইবে।

**তফসিল**

**[বিধি ২ (২)] দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | মহাপরিদর্শক | - | সরকার কর্তৃক প্রেষণে বদলীর মাধ্যমে। | অতিরিক্ত সচিব পদমর্যাদার কর্মকর্তা। |
| ২। | অতিরিক্ত মহাপরিদর্শক | - | সরকার কর্তৃক প্রেষণে বদলীর মাধ্যমে। | যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তা। |
| ৩। | যুগ্ম মহাপরিদর্শক | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) উপ মহাপরিদর্শক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী; এবং<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৪। | উপ মহাপরিদর্শক | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী মহাপরিদর্শক (সাধারণ), সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য), সহকারী মহাপরিদর্শক (সেফটি), পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, তথ্য ও গণসংযোগ কর্মকর্তা বা আইন কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৫। | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ৩০ বৎসর। | (ক) মোট পদের ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের ৬০% পদ পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে প্রথম শ্রেণীর বা সমমানের Cumulative Grading Point Average (সিজিপিএ)-এ স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) প্রশাসনিক কর্মকর্তা বা শ্রম পরিদর্শক (সাধারণ) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ কোন |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, এই বিধিমালা কার্যকর হইবার পূর্বে প্রশাসনিক কর্মকর্তা পদে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের ক্ষেত্রে চাকুরীর অভিজ্ঞতা ৩ (তিন) বৎসর; অথবা<br>(খ) প্রশাসনিক কর্মকর্তা বা শ্রম পরিদর্শক (সাধারণ) পদে ১২ (বার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬। | সহকারী মহা পরিদর্শক (স্বাস্থ্য) | ৩০ বৎসর। | (ক) মোট পদের ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের ৪০% পদ পদোন্নতির মাধ্যমে। | **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে এম.বি.বি.এস. ডিগ্রি।<br>**<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৭। | সহকারী মহাপরিদর্শক (সেফটি) | ৩০ বৎসর। | (ক) মোট পদের ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>(খ) মোট পদের ৪০% পদ পদোন্নতির মাধ্যমে। | **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, কেমিকেল ইঞ্জিনিয়ারিং বা ইন্ডাষ্ট্রিয়াল প্রডাকশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি।<br>**<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>শ্রম পরিদর্শক (সেফটি) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৮। | পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে গণিত, পরিসংখ্যান বা অর্থনীতি বিষয়ে প্রথম শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতকত্তোর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯। | তথ্য ও গণসংযোগ কর্মকর্তা | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে প্রথম শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ১০। | গ্রন্থাগারিক | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে প্রথম শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ১১। | আইন কর্মকর্তা | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে আইন বিষয়ে প্রথম শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ১২। | প্রশাসনিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** প্রধান সহকারী, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, কম্পিউটার অপারেটর, হিসাব রক্ষক বা পরিসংখ্যান সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৩। | শ্রম পরিদর্শক (সাধারণ) | ৩০ বৎসর। | (ক) মোট পদের ৯০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br><br>(খ) মোট পদের ১০% পদ পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) প্রধান সহকারী, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, কম্পিউটার অপারেটর, হিসাব রক্ষক বা পরিসংখ্যান সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী; অথবা<br>(খ) উচ্চমান সহকারী বা সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরী। |
| ১৪। | শ্রম পরিদর্শক (সেফটি) | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিকেল ইঞ্জিনিয়ারিং বা কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা। |
| ১৫। | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে প্রাণিবিদ্যা, রসায়ন, প্রাণরসায়ন, ফার্মাসী, মাইক্রোবায়োলজি বা উদ্ভিদবিদ্যা বিষয়ে দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ১৬। | পরিসংখ্যান সহকারী | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে গণিত, অর্থনীতি বা পরিসংখ্যান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) এমএস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনায় পারদর্শিতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৭। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | The Stenographers & Steno-typist (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী; তবে, প্রযোজ্য ক্ষেত্রে, সাঁটলিপিকার বা ষ্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা ষ্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুসৃত হইবে। | | |
| ১৮। | কম্পিউটার অপারেটর | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules 1985 অনুযায়ী। | | |
| ১৯। | প্রধান সহকারী | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) এমএস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনায় পারদর্শিতা। |
| ২০। | হিসাব রক্ষক | ৩০ বৎসর। | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) এমএস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনায় পারদর্শিতা।<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>হিসাব সহকারী পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরী। |
| ২১। | উচ্চমান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা টেলিফোন অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ২২। | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | The Stenographers & Steno-typist (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী; তবে, প্রযোজ্য ক্ষেত্রে, সাঁটলিপিকার বা ষ্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা ষ্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুসৃত হইবে। | | |
| ২৩। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাচ রাইডার, দপ্তরী ও এম.এল.এস.এস. (মন্ত্রণালয়, বিভাগ ও সংযুক্ত অধিদপ্তরসমূহ ) নিয়োগ বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী; তবে, প্রযোজ্য ক্ষেত্রে, সাঁটলিপিকার বা ষ্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা ষ্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুসৃত হইবে। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৪। | হিসাব সহকারী | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে বাণিজ্য বিষয়ে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) এমএস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনায় পারদর্শিতা। |
| ২৫। | টেলিফোন অপারেটর | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার চালনায় পারদর্শিতা। |
| ২৬। | মাল্ডিমিডিয়া প্রজেক্টর টেকনিশিয়ান | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উর্ত্তীণ; এবং<br>(খ) কম্পিউটার হার্ডওয়ারসহ মাল্টিমিডিয়া পরিচালনার অভিজ্ঞতা। |
| ২৭। | গাড়ী চালক | The Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rule, 1984 অনুসারে। | | |
| ২৮। | অফিস সহায়ক | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেচপাচ রাইডার, এম.এল.এস.এস. (মন্ত্রণালয়, বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী:<br>তবে শর্ত থাকে যে, আউট সোর্সিং (Out Sourcing) এর ভিত্তিতে নিয়োগের শর্তে সৃজিত পদসমূহের নিয়োগ অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (Out Sourcing) নীতিমালা অনুযায়ী হইবে। |
| ২৯। | নিরাপত্তা প্রহরী | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ:<br>তবে শর্ত থাকে যে, আউট সোর্সিং (Out Sourcing) এর ভিত্তিতে নিয়োগের শর্তে সৃজিত পদসমূহের নিয়োগ অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (Out Sourcing) নীতিমালা অনুযায়ী হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩০। | মালী | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩১। | পরিচ্ছন্নতা কর্মী | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, মোট পদের শতকরা ৮০ ভাগ পদ হরিজন সম্প্রদায়ের জন্য বরাদ্দ থাকিবে:<br>আরও শর্ত থাকে যে, হরিজন সম্প্রদায়ের কোন প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে। | অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ:<br>তবে শর্ত থাকে যে, আউট সোর্সিং (Out Sourcing) এর ভিত্তিতে নিয়োগের শর্তে সৃজিত পদসমূহের নিয়োগ অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউট সোর্সিং (Out Sourcing) নীতিমালা অনুযায়ী হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিকাইল শিপার**
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd